গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৬৭-আইন/২০২৬/২২/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে ইলেকট্রিক-টু হুইলার-বাইক (ই-বাইক) উৎপাদনের লক্ষ্যে অথবা কোনো ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ই-বাইকের কোনো আইটেম বা পার্টস বা যন্ত্রাংশ বা এক্সেসরিজ উৎপাদনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত-

(অ) TABLE-1 ও TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশকে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণ মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ; এবং

(আ) TABLE-3 ও TABLE-4 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত উপকরণকে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, ও

রেগুলেটরি ডিউটি, সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে, মূল্য সংযোজন কর, আগাম কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
25.13	2513.10.00	Pumice Stone
28.07	2807.00.00	Sulphuric acid
28.29	2829.11.00	Sodium chlorate
28.33	2833.29.90	Tin sulphate
	2833.40.00	Sodium per sulphate
28.41	2841.61.00	Potassium Permanganate
	2841.69.00	Sodium permanganate
28.43	2843.30.00	Gold (GPC)

Downloaded from www.taxvatpoint.com

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
32.09	3209.90.90	Varnishes; Conformal Coating
34.02	3402.49.10	Defoaming agent
35.06	3506.99.00	Thermal irresponsive glue; Thermal pest; Heat Sink glue; White glue
37.01	3701.30.00	Unexposed photosensitive plate
37.02	3702.42.00	Unexposed photo Sensitive emulsion film
	3702.98.00	Unexposed photosensitive film
37.07	3707.90.00	Photographic chemical
38.10	3810.90.90	HASL (Hot Air Solder Liquide) Flux; Soldering Cleaner; Soldering Flux; Solder paste
38.14	3814.00.90	Reducer
38.24	3824.99.99	Electroplating salts; Electroplating chemicals; Alkaline Etchant, Tin stripper, Resist, Striper; Thermal Paste; Adhesive; Pumice Powder
74.03	7403.19.00	Copper anode ball
74.10	7410.11.00	Copper foil
78.01	7801.10.00	Refined lead
80.01	8001.20.00	Tin alloy/solder bar
80.03	8003.00.00	Pure tin anode; Solder Tin Bar
83.02	8302.50.00	Fixture/Bracket
83.11	8311.30.00	Soldering Wire
	8311.90.00	Solder lead bar
84.23	8423.82.90	Sensor
85.12	8512.30.00	Buzzer/Siren
85.31	8531.20.00	Indicator LED; 7 segment display; Indicator Panel
85.32	8532.22.00	Aluminum Electrolytic Capacitor
85.32	8532.23.00	Ceramic Dielectric, Single layer Capacitor
	8532.24.00	Ceramic Dielectric, Multi-layer Capacitor
	8532.29.90	Capacitor
85.33	8533.29.00	Resistor
	8533.40.00	Variable Resistors/Potentiometers
85.36	8536.20.00	Automatic Circuit breakers
	8536.10.00	Fuse; Thermal cutoffs (thermal fuses)
	8536.49.90	Relay
	8536.50.00	Air Switch; Anti-Theft Alarm; Lock (Set); Grip Switch; Park Button (Left Grip Switch); Light-Operated Switch; Tactile Button; Exit Button
	8536.69.00	2 pin connector plugs; Sockets; Wire terminals/fasten terminals; Fuse Holders; Silicone plug

Downloaded from www.taxvatpoint.com

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
85.41	8541.10.00	Diode
	8541.29.00	Transistor
	8541.41.00	Light Emitting Diodes (LED)
	8541.51.00	Vibration Sensor
	8541.60.00	Crystal oscillator
85.42	8542.39.90	CPU chips; Integrated circuit
85.43	8543.70.90	RF Receiver Module
85.44	8544.42.00	Cable fitted with connector; Cables (phase & signal wires)

TABLE-2

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
32.08	3208.10.20	Insulating Varnish
39.03	3903.30.00	Acrylonitrile butadiene styrene (ABS); ABS Resin
39.07	3907.30.00	Epoxide Resins
39.19	3919.10.00	Winding termination tape
39.20	3920.20.90	Separation Sheet
39.26	3926.90.99	Cable Tie; Wire Winding Tube, Plastic Casing
48.11	4811.90.29	Insulation Paper
72.09	7209.16.90	MS Sheet (Of a thickness of 0.5 mm or more but not exceeding 1 mm)
72.15	7215.90.00	Non alloy bars and roads, other bars and rods
72.22	7222.20.00	SS (Stainless Steel) bars and rods
72.26	7226.11.00	Silicon Steel
73.25	7325.10.00	Cast Iron
73.18	7318.15.90	Allen Bolts
74.08	7408.19.00	Copper Wire; Jumper wire; Copper Winding Wire
84.82	8482.10.00	Bearings; Steering Bearings; Ball Bearing
85.03	8503.00.30	Motor Bush
85.05	8505.11.00	Permanent Magnets; Magnet (Neodymium)
85.36	8536.90.90	Connector
85.42	8542.31.90	Hall sensor
85.44	8544.11.00	Winding Wire (Enameled Round copper wire)

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

TABLE-3

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
72.08	7208.27.00	Flat Rolled steel in coils, not further worked than hot-rolled, pickled (of a thickness of less than 3mm)
	7208.39.00	Flat Rolled steel in coils, not further worked than hot-rolled (of a thickness of less than 3mm)
	7208.52.00	Flat rolled steel not in coils, not further worked than hot-rolled (of a thickness of 4.75 mm or more but not exceeding 10 mm)
	7208.53.00	Flat rolled steel not in coils, not further worked than hot-rolled (of a thickness of 3 mm or more but less than 4.75 mm)
72.09	7209.15.00	Cold rolled sheet (Of a thickness of 3 mm or more)
	7209.16.90	Cold rolled sheet
	7209.25.00	Sheet metal (Of a thickness of 3 mm or more)
72.11	7211.19.00	Flat hot Rolled Steel; Hot Rolled Steel in Coil
72.12	7212.50.90	Plated or coated iron or non-alloy steel
72.14	7214.10.00	Metal Rods / Bars (Forged)
	7214.20.00	Metal Rods / Bars (Hot-Rolled)
72.15	7215.10.00	Metal rods/bars free cutting (cold finished)
	7215.90.00	Metal Rods / Bars free-cutting (Cold-Finished)
72.21	7221.00.00	Bars and rods, hot rolled, in irregularly wound coils, of Stainless steel
72.22	7222.20.00	SS (Stainless Steel) bars and rods
72.24	7224.90.00	Semifinished alloy product
72.25	7225.92.00	Zinc plated or coated flat rolled products
72.27	7227.90.90	Other bars and rods
72.28	7228.70.00	Angles, shapes and sections
73.04	7304.51.00	Seamless Tubes / Pipes / Hollow Profiles
73.06	7306.30.00	Electric Resistance Welded (ERW)
	7306.40.00	Precision Tubes or Pipes
	7306.50.00	
	7306.61.00	
	7306.69.00	
	7306.90.00	Other tubes, pipes and hollow profiles (for example, open seam or welded riveted or similarly closed of iron or steel; Other

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

TABLE-4

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
27.12	2712.10.00	Vaseline (Anti-corrosion Oil)
28.11	2811.29.10	Silica gel
32.06	3206.19.20	Color Masterbatch
32.08	3208.90.90	Powder Coating; Pretreatment chemicals for painting operations
32.09	3209.10.00	Water-based Electrophoresis Pigment
	3209.90.90	Varnishes
39.02	3902.10.00	Polypropylene
	3902.30.00	Polypropylene copolymers
39.03	3903.19.00	Polystyrene (GPPS)
	3903.20.00	Styrene-acrylonitrile (SAN) copolymers
39.06	3906.10.00	PMMA (Poly methyl methacrylate) Resin; Poly (methyl methacrylate)
	3907.29.00	Other polyethers
39.07	3907.40.00	Polycarbonate (PC) Resin
39.08	3908.10.00	Polyamide
	3908.90.00	Glass filled (GF) nylon
39.09	3909.40.00	Phenolic resin
	3909.50.00	Polyurethanes
39.10	3910.00.00	Silicones in primary forms
39.17	3917.23.10	PVC shrinkable tube (plain)
39.19	3919.90.99	Adhesive sticker
39.21	3921.90.99	Sticker
40.16	4016.93.00	Rubber Seals, Sealing gaskets & O-rings; washers
59.03	5903.10.90	Synthetic leather/vinyl (PVC or PU coated fabric)
70.09	7009.10.00	Mirror
72.05	7205.10.00	Steel Shot
72.08	7208.10.00	Hot rolled Sheet
72.09	7209.16.90	MS Sheet (Of a thickness exceeding 1 mm but less than 3 mm)
	7209.17.90	Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness of 0.5 mm or more but not exceeding 1 m
	7209.18.00	Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness of less than 0.5mm
72.17	7217.10.00	Wire of iron (Non alloy steel)
73.15	7315.11.20	Roller Chain
	7315.19.00	Chain clip; Parts of chain
73.17	7317.00.00	Staples
73.18	7318.19.00	Fasteners
	7318.23.90	Rivets

Downloaded from www.taxvatpoint.com

73.20	7320.20.00	Spring
76.01	7601.10.00	Aluminum Ingot
	7601.20.00	Aluminum alloy
76.04	7604.29.00	Bars, rods and profile of aluminum alloy
76.05	7605.29.00	Copper clad aluminum wire
83.02	8302.30.00	Rear fork protective board bracket; Rear fender bracket; Front disc brake bracket; Rear disc brake bracket; Back rest bracket; Front wall bracket; Rear License Plate
84.84	8484.10.00	Gaskets/O-Rings
85.04	8504.40.10	USB Charger
	8504.40.90	Charger, Converters
85.06	8506.90.90	Steel shell; PET insulating mat; High temperature adhesive tape(anode); High temperature adhesive tape(cathode); PET spacing ring (Up)
85.07	8507.90.90	Lux connector; Separator
85.12	8512.20.00	Taillight; Headlight; Turning Light; License Plate Light
	8512.30.00	Horn
85.43	8543.70.10	Remote Controllers
85.43	8543.70.90	Receiver
85.44	8544.30.00	Wiring Harness
	8544.49.00	Phase Wire Leads; Sensor Signal Wires
85.46	8546.90.00	Insulator
87.14	8714.10.10	Saddles
	8714.10.90	Rear Grab Handle Mount Holes; Arm brake rear; Brake shoe; Bush; Chain adjuster; Flasher
	8714.92.90	Wheel RIM
	8714.99.00	Hub shell, axle, casing
90.25	9025.19.00	Side Sensor
90.29	9029.90.00	Speedometer
90.31	9031.80.00	Encoder
94.01	9401.20.10	Seat]

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য শর্তাবলি

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে ই-বাইক উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;

(গ) ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব কারখানায় Basic Raw Material হিসাবে ব্যবহৃত Plain Metal Sheet/Flat-rolled Products Seamless Tube/Pipe/Rod/Bars/ Hollow Profile অথবা প্রয়োজনীয় প্রাইমারি কাঁচামাল/উপকরণ হতে চেসিসসহ যে কোনো একটি **গুরুত্বপূর্ণ পার্টস** যেমন, Swing Arm, Handle Bar, Wheel, Motor, Battery প্রভৃতি উৎপাদন করিতে হইবে অথবা স্থানীয়ভাবে ভেন্ডর কর্তৃক উৎপাদিত এক বা একাধিক গুরুত্বপূর্ণ পার্টস সুনির্দিষ্ট ক্রয় চুক্তির আওতায় ক্রয় করিয়া ই-বাইক উৎপাদন করিতে হইবে এবং এইরূপ কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মেশিনারিজ থাকিতে হইবে;

(ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electro Deposition (ED) ও প্রাইমার কোটসহ সকল পর্যায়ে রঙ করিবার জন্য নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত পেইন্ট শপ থাকিতে হইবে এবং উক্ত পেইন্ট শপে সকল প্রকার পেইন্ট কার্যক্রম সম্পন্ন করিতে হইবে অথবা সুনির্দিষ্ট ক্রয় চুক্তির আওতায় স্থানীয় ভেন্ডর হইতে Electro Deposition (ED) ও প্রাইমার কোটসহ সকল পর্যায়ে রঙ করিবার কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(ঙ) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;

(চ) ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানে পৃথক কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) প্রশিক্ষণের মাধ্যমে ক্রমান্বয়ে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রতিষ্ঠানে কর্মরত জনবলকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর মধ্যে কারিগরি সহায়তা চুক্তি থাকিতে হইবে;

(জ) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(ঝ) ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সে লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে পরিবেশগত ছাড়পত্র থাকিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

ভেন্ডর প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য শর্তাবলি

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানটি ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানের Nominated/Listed Vendor হইতে হইবে এবং ইহার সপক্ষে উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটি ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ই-বাইক উৎপাদনের ক্ষেত্রে উহার প্রয়োজনীয় কোনো আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ স্থানীয়ভাবে Nominated/Listed Vendor হিসেবে সরবরাহ করার ক্ষেত্রে উক্ত উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান হইতে লোকাল এলসি (Local LC) প্রাপ্ত হইতে হইবে এবং উক্ত এলসির ব্যাংক কর্তৃক প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(ঘ) প্রতিষ্ঠান কর্তৃক ভেন্ডর হিসেবে যেসকল আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ স্থানীয়ভাবে সরবরাহ করা হইবে সেই সকল প্রতিটি আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ তৈরীর বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল/উপকরণের নাম এবং পরিমাণ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক ভেন্ডর প্রতিষ্ঠান এবং সরবরাহ গ্রহণকারী ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠান উভয়ের স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরযুক্ত তালিকা শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

(ঙ) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;

(চ) ভেন্ডর প্রতিষ্ঠানের পৃথক কোয়ালিটি কন্ট্রোল ও ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) ভেন্ডর হিসেবে উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানকে যে সকল আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ সরবরাহ করা হইবে সেই সকল সরবরাহের বিপরীতে সমুদয় প্রাপ্তি ব্যাংকিং চ্যানেলে গ্রহণ করিতে হইবে; এবং

(জ) প্রতিষ্ঠানটির অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে।

ব্যাখ্যা।— এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে,

(অ) **"ই-বাইক উৎপাদনকারী"** প্রতিষ্ঠান অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত উহাদের জন্য প্রযোজ্য শর্তাবলি পূরণ করে;

(আ) **"ভেন্ডর"** অর্থ এমন কোনো মূসক নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত উহাদের জন্য প্রযোজ্য শর্তাবলি পূরণ করিয়া স্থানীয়ভাবে সংগৃহীত অথবা আমদানিকৃত কাঁচামাল দ্বারা ই-বাইক এর কোনো আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ প্রস্তুতপূর্বক ই-বাইক

Downloaded from www.taxvatpoint.com

উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় সরবরাহ করিয়া থাকে; এবং

(ই) **"গুরুত্বপূর্ণ পার্টস"** অর্থ Swing Arm, Handle Bar, Wheel, Motor, Battery ইত্যাদি।

২। এই প্রজ্ঞাপনের আওতায় যে সকল ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠান কিংবা ভেন্ডর নিজস্ব প্রতিষ্ঠানে Printed Circuit Board (PCB) উৎপাদন করিবে কেবল তাহারা PCB উৎপাদনের জন্য টেবিল-১ এর অন্তর্ভুক্ত পণ্য অব্যাহতি সুবিধায় আমদানি করিতে পারিবে;

৩। এই প্রজ্ঞাপনের আওতায় যে সকল ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠান কিংবা ভেন্ডর নিজস্ব প্রতিষ্ঠানে ইলেকট্রিক মোটর উৎপাদন করিবে কেবল তাহারা টেবিল-২ এর অন্তর্ভুক্ত পণ্য অব্যাহতি সুবিধায় আমদানি করিতে পারিবে;

৪। এই প্রজ্ঞাপনের আওতায় যে সকল ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠান কিংবা ভেন্ডর নিজস্ব প্রতিষ্ঠানে ই-বাইক উৎপাদনে প্রয়োজনীয় কোনো আইটেম বা গুরুত্বপূর্ণ পার্টস বা যন্ত্রাংশ বা চেসিস উৎপাদন করিবে কেবল তাহারা টেবিল-৩ ও টেবিল-৪ এর অন্তর্ভুক্ত পণ্য অব্যাহতি সুবিধায় আমদানি করিতে পারিবে;

৫। ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠান নিজস্ব উৎপাদিত ব্যাটারি ই-বাইক উৎপাদনের উপকরণ হিসেবে ব্যবহার করিতে পারিবে অথবা ভেন্ডর হইতে সুনির্দিষ্ট ক্রয় চুক্তির আওতায় ক্রয় করিয়া স্থানীয়ভাবে ই-বাইক উৎপাদন করিতে পারিবে ;

৬। কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় ই-বাইক উৎপাদনকারী হইলেও ভেন্ডর হিসেবে অন্য কোনো ই-বাইক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় যে কোনো আইটেম বা পার্টস বা যন্ত্রাংশ স্থানীয়ভাবে প্রস্তুতপূর্বক সরবরাহ করিতে পারিবে;

৭। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উহার একটি প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

৮। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা গ্রহণের জন্য উৎপাদনকারী প্রতিষ্ঠান বা ভেন্ডরকে উপরি উল্লিখিত প্রযোজ্য শর্তাবলি পরিপালন করা হইবে এবং তদনুযায়ী প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন কার্যক্রম সম্পন্ন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দের মধ্যে আবেদন দাখিল করিতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com

৯। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

(ক)	প্রথম সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড	আহ্বায়ক
(খ)	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	সদস্য
(গ)	বোর্ড কর্তৃক নির্ধারিত যেকোনো পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর একজন যথোপযুক্ত প্রতিনিধি	সদস্য
(ঘ)	সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা	সদস্য
(ঙ)	দ্বিতীয় সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড	সদস্য সচিব ;

১০। অনুচ্ছেদ ৯ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিয়া আদেশ জারি করিতে পারিবে;

১১। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;

১২। কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ১১ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না;

১৩। অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার যেকোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে;

১৪। অনুচ্ছেদ ১৩ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

Downloaded from www.taxvatpoint.com

১৫। অনুচ্ছেদ ১০ এ উল্লিখিত অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ৪ (চার) বৎসর প্রজ্ঞাপনের সকল শর্তাবলি পরিপালন সাপেক্ষে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে।

২। ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ২৯মে, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.নং-১৯৩-আইন/২০২৫/ ১৫/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট
(শর্তাবলির অনুচ্ছেদ ৭ দ্রষ্টব্য)
গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ই-বাইক অথবা উহার কোনো পার্টস বা যন্ত্রাংশ তৈরির উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। **প্রতিষ্ঠানের নাম** :

২। **ঠিকানা** :

৩। **মূসক নিবন্ধন নম্বর** :

ক্র:নং:	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর,
তারিখ ও সীল

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com